# ঐক্যবদ্ধ জাতি হলে অশুভ শক্তির পরাজয় নিশ্চিত: প্রধান উপদেষ্টা




সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, জাতি ঐক্যবদ্ধ থাকলে যেকোনো অশুভ শক্তিকে পরাজিত করা সম্ভব। দুর্গাপূজা উপলক্ষে ভিডিও বার্তায় তিনি বৈষম্য ও দুর্নীতিমুক্ত দেশ গড়ার অগ্রযাত্রায় ভেদাভেদ ভুলে একযোগে কাজ করার আহ্বান জানান।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস রোববার (২৮ সেপ্টেম্বর) রাতে ভিডিও বার্তায় শারদীয় দুর্গাপূজা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেন, “ঐক্যবদ্ধ হলে যেকোনো অশুভ শক্তিকে পরাজিত করা সম্ভব। কিন্তু যদি আমরা বিভক্ত হই, তাহলে জাতি হিসেবে উন্নতির পথ বাধাগ্রস্ত হবে।”

তিনি উল্লেখ করেন, জুলাই মাসের গণঅভ্যুত্থানের মাধ্যমে বৈষম্য ও দুর্নীতিমুক্ত দেশ গড়ার যে অগ্রযাত্রা শুরু হয়েছে, তা সফল করতে হলে পারস্পরিক ভেদাভেদ ভুলে একসঙ্গে কাজ করতে হবে।

এ সময় প্রধান উপদেষ্টা আরও বলেন, পূজায় কেউ যেন নাশকতা বা আতঙ্ক সৃষ্টি করতে না পারে, সে জন্য সরকার ও রাজনৈতিক দলগুলো তৎপর রয়েছে। দুর্গাপূজা নির্বিঘ্নভাবে সম্পন্ন করতে যারা দিনরাত পরিশ্রম করছেন, তাদের প্রতি তিনি আন্তরিক কৃতজ্ঞতা জানান।

LENS ASIA